দৈনিক ইনকিলাব

তারিখ ... ... ... MAR: 1 1 2000
পৃষ্ঠা ... কলাম ...

# অংক পরীক্ষায় ব্যাপক নকলের আশংকা
# ডিসি সম্মেলন একদিন আগেই সমাপ্ত

**নূরুল আলম শাহীন** ॥ জেলা প্রশাসকদের (ডিসি) সম্মেলন গতকাল শেষ হয়ে গেছে। আজ অংক পরীক্ষা। ব্যাপক নকল হবার আশংকাকে সামনে রেখে সকল ডিসিদেরকে নিজ নিজ স্টেশনে থাকা জরুরী বলে প্রধানমন্ত্রী পরামর্শ দিয়েছেন। মন্ত্রিপরিষদের সচিব সকল জেলা প্রশাসককে আজ সকালের মধ্যে স্ব-স্ব জেলায় উপস্থিত থাকার আদেশ দিয়ে ৪ দিনের সম্মেলন ৩ দিনে গতকাল শেষ করেছেন। একটি সংশ্লিষ্ট নির্ভরযোগ্য সূত্র একথা জানিয়েছেন। জেলা প্রশাসকগণ গত রাতেই তাদের স্টেশনে রওয়ানা দিয়েছেন বলে জানা যায়।

সূত্র মতে, গতকাল ১১টি মন্ত্রণালয়ের বিষয়ে আলোচনা হয়েছে। সংশ্লিষ্ট মন্ত্রীদের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় কোন দাবী পেশ করার নিয়ম নেই। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধানমন্ত্রীর উপস্থিতিতে যেটুকু সম্ভব জেলা প্রশাসকগণ প্রকাশ করেছেন। গত দুই দিনের বৈঠকে (মন্ত্রিপরিষদের কক্ষে অনুষ্ঠিত) জেলা প্রশাসকগণ প্রশাসনিক কাজে গতিশীলতা আনার ক্ষেত্রে কিছু প্রয়োজনের কথা উল্লেখ করেছেন। একই সাথে পুলিশ প্রশাসন ও জেলা প্রশাসকের সাথে সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাদের সমন্বয় অভাব সার্বিক ব্যবস্থার জন্য অন্তরায় বলে মত ব্যক্ত করেছেন। তার মধ্যে জনবল স্বল্পতার উপর অধিক গুরুত্বারোপ করা হয়েছে। জেলা প্রশাসকগণ জানিয়েছেন যে, ঢাকা ছাড়া অন্য সকল বিভাগের ম্যাজিস্ট্রেটের অনেক পদই বেশিরভাগ সময়ে শূন্য থাকে। চাকরিকে এখন ঢাকা কেন্দ্রিক করে ফেলা হচ্ছে বলে অনেকেই মত ব্যক্ত করেছেন এবং একথা ঠিক যে, ঢাকা ও চট্টগ্রামের বাইরে খুলনা, সিলেট, রাজশাহী, বরিশাল বিভাগের জেলা ও থানা পর্যায়ে অনেকেই যেতে অনীহা প্রকাশ করে থাকেন। সবচেয়ে বেশী পোস্ট শূন্য থাকে

৭-এর পৃঃ ৬-এর কঃ দেখুন

## জেলা প্রশাসক সম্মেলন

প্রথম পৃষ্ঠার পর

রাজশাহী বিভাগে। এতে কাজের ক্ষতি হচ্ছে। বিষয়টি বিশেষ বিবেচনা করে দ্রুত সমাধানের জন্য জেলা প্রশাসকগণ সরকার ও প্রশাসনের দৃষ্টি আকর্ষণ করেছেন। এছাড়া জেলা প্রশাসন ও সংশ্লিষ্ট প্রশাসনিক দপ্তরের আধুনিকায়ন দরকার বলে ডিসিগণ জানিয়েছেন। কম্পিউটারাইজড করা হলে কাজে সময় কম লাগবে এবং যোগাযোগের ক্ষেত্রে একটি সুন্দর ও সহজ পথ সৃষ্টি হবে। জেলা প্রশাসকগণের একটি সূত্র জানান, যেসব বিষয় নিয়ে গত ২ দিন আলোচনা হয়েছে সেগুলো দাবী নয়, চাহিদা (Need), কর্তৃপক্ষ পর্যায়ক্রমে সমস্যার সমাধানের ব্যবস্থা নেবেন বলে আশ্বাস দিয়েছেন।

প্রধানমন্ত্রীর কার্যালয়, মন্ত্রিপরিষদ বিভাগ ও সংস্থাপন মন্ত্রণালয়ের সম্পৃক্ত বিষয়াদি নিয়ে আজকের আলোচনার বিষয়গুলো গত সন্ধ্যায় অনির্ধারিত বৈঠকে শেষ করা হয়েছে বলে সূত্র জানান।